

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
সেন্ট্রাল প্রকিউরমেন্ট টেকনিক্যাল ইউনিট
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

Tel: 9144252-3, Fax: 9180968, E-mail: info@cptu.gov.bd; Website: www.cptu.gov.bd

নং-২১.০০.০০০০.৩৬৩.২৭.৮৩৫.১৭-২৭৯


তারিখ: ১৭/০৫/২০১৭ খ্রিঃ।

পরিপত্র

বিষয়ঃ সিপিটিইউ কর্তৃক ২৭ এপ্রিল ২০১৭ খ্রিঃ তারিখে জারীকৃত পরিপত্র নং ২১.০০.০০০০.৩৬৩.২৭.৮৩৫.১৭-২৫১ বাতিল করণ।

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, উন্মুক্ত দরপত্র পদ্ধতির আওতায় অভ্যন্তরীণ কার্যক্রমে দরপত্র মূল্যের সমতার ক্ষেত্রে কৃতকার্য দরদাতা নির্বাচনের লক্ষে পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ (২৪ নভেম্বর ২০১৬ খ্রিঃ তারিখে সংশোধিত) এর উপ-বিধি ৯৮ (২ক) এর বিধানের প্রেক্ষিতে সংশ্লিষ্ট আদর্শ দরপত্র দলিলের ITT Clause এ মোট ৭ টি নির্ণায়ক সমূহ “Past Performance Evaluation and rating matrix” অন্তর্ভুক্ত করা হয়েছিল। উক্ত matrix এর উপর কয়েকটি দরদাতা প্রতিষ্ঠান সুপ্রীম কোর্টের মহামান্য হাইকোর্ট ডিভিশন-এ রীট মামলা দায়ের করলে মহামান্য আদালত, কয়েকটি নির্ণায়কের উপর বিভিন্ন মেয়াদে স্থগিতাদেশ প্রদান করে। সে প্রেক্ষিতে বিগত ২৭ এপ্রিল ২০১৭ খ্রিঃ তারিখে সিপিটিইউ’র পরিপত্র নং ২১.০০.০০০০.৩৬৩.২৭.৮৩৫.১৭-২৫১ এর মাধ্যমে বর্ণিত “Past Performance Evaluation and rating matrix” এর দফা ১ থেকে ৭ পর্যন্ত পয়েন্ট বন্টনের কার্যকারিতা স্থগিত করা হয়েছিল। সম্প্রতি সুপ্রীম কোর্টের মহামান্য আপিল বিভাগ কর্তৃক, হাইকোর্ট বিভাগ-এর প্রদত্ত স্থগিতাদেশ-এর উপর স্থগিতাদেশ প্রদান করেছে। ফলে নির্ণায়কসমূহের কার্যকারিতা পুনরায় বহাল হয়েছে।

২। এমতাবস্থায় সিপিটিইউ কর্তৃক ২৭ এপ্রিল ২০১৭ খ্রিঃ তারিখে জারীকৃত পরিপত্র নং ২১.০০.০০০০.৩৬৩.২৭.৮৩৫.১৭-২৫১ বাতিল করা হলো। ফলে আদর্শ দরপত্র দলিল PW2(a), PW3, e-PW2(a) এবং e-PW3 এর ITT Clause এ মোট ৭ টি নির্ণায়ক সমূহ “Past Performance Evaluation and rating matrix” সহ সম্পূর্ণ Clause টি পূর্বের নিয়ম অনুযায়ী বহাল থাকবে।



(মো: ফারুক হোসেন)

মহাপরিচালক, সিপিটিইউ

ফোনঃ ৯১৪৪২৫২-৩

ই-মেইল: cptudg@cptu.gov.bd।

বিতরণঃ

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/ মুখ্যসচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।

২। সিনিয়র সচিব----- মন্ত্রণালয়/ বিভাগ।

৩। সচিব/ ভারপ্রাপ্ত সচিব, ----- মন্ত্রণালয়/ বিভাগ।

৪। -----ক্রয়কারী সংস্থা (সকল)।

৫। সার্কুলার ফাইল/ গার্ড ফাইল।